

পশ্চিমবঙ্গ সরকার
অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ, কোচবিহার

ইমেল: bcwocob@gmail.com

ফোন ও ফ্যাক্স নং: ০৩৫৮২-২২২২২১

বিজ্ঞপ্তি

সংখ্যা: ৭৬৭/বিসিডারু/সিবি

দিনাঙ্ক: ০৭/০৯/২০১৬

কেন্দ্রীয় ছাত্রীনিবাস, কোচবিহার উচ্চবালিকা বিদ্যালয়, (বাবু জগজীবন রাম ছাত্রী নিবাস যোজনার অন্তর্গত), কোচবিহার এর জন্য চুক্তির ভিত্তিতে নিম্নোক্ত অস্থায়ী পদের জন্য ভারতীয় নাগরিকগণের কাছ থেকে প্রস্তাবিত বয়ানে দরখাস্ত আহ্বান করা হচ্ছে (কোচবিহার জেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে)।

ক্রমিক নং	পদের নাম	স্থান	সংখ্যা	বয়সসীমা ** (০১/০৯/২০১৬) অনুযায়ী)	আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা	অতিরিক্ত আবশ্যিক যোগ্যতা / অভিজ্ঞতা	মোট মাসিক পারিশ্রমিক
১.	সুপার (মহিলা)	কেন্দ্রীয় ছাত্রীনিবাস কোচবিহার উচ্চবালিকা বিদ্যালয় (বাবু জগজীবন রাম ছাত্রী নিবাস যোজনার অন্তর্গত),	১ (এক)	১৮-৩৭	যে কোন বিভাগে স্নাতক	-	১২,০০০/-
২.	মেট্রন (মহিলা)		১ (এক)	১৮-৩৭	মাধ্যমিক	-	৮,০০০/-
৩.	রাধুনী (মহিলা)		১ (এক)	১৮-৩৭	চতুর্থ শ্রেণী উত্তীর্ণ	সমতুল্য কাজের পূর্ব অভিজ্ঞতা বাঞ্ছনীয়	৩,০০০/-
৪.	রাধুনীর সহায়ক (মহিলা)		১ (এক)	১৮-৩৭	চতুর্থ শ্রেণী উত্তীর্ণ		২,৫০০/-
৫.	কর্মবন্ধু (সাফাইকর্মী মহিলা)		১ (এক)	১৮-৩৭	চতুর্থ শ্রেণী উত্তীর্ণ		২,০০০/-
৬.	দ্বাররক্ষী তথা নৈশপ্রহরী (পুরুষ)		১ (এক)	১৮-৩৭	অষ্টম শ্রেণী উত্তীর্ণ		৩,০০০/-

** তফশীলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য উপরোক্ত সমস্ত পদের ক্ষেত্রে বয়সসীমা পশ্চিমবঙ্গ সরকারের নিয়ম অনুযায়ী শিথিলযোগ্য।

যোগ্য আবেদনকারীদের উপরোক্ত বয়ানে সম্পূর্ণ তথ্যাবলীর প্রত্যয়িত প্রতিলিপি, দুই কপি পাসপোর্ট মাপের ছবি এবং একটি ৫ (পাঁচ) টাকার ডাকটিকিট সাঁটা নিজের নাম ঠিকানা লেখা খাম সহ আগামী ২৩/০৯/২০১৬ তারিখের মধ্যে মুখবন্ধ খামে জেলা কল্যান আধিকারিক, অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ, কোচবিহার - এর নামে নিম্নোক্ত ঠিকানায় জমা দেবার জন্য অনুরোধ করা হচ্ছে। খামের উপর পদের নাম লিখতে হবে।

• জেলা কল্যাণ আধিকারিকের দপ্তর,

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ, কল্যাণ ভবন, কোচবিহার।

বিঃ দ্রঃ

- উপরোক্ত পদগুলি সম্পূর্ণরূপে অস্থায়ী পদ এবং নিয়োগ হবে চুক্তিভিত্তিক।
- নিয়োগের পর কোনভাবেই স্থায়ী চাকুরীর দাবি গ্রাহ্য হবে না।
- নিয়োগের ক্ষেত্রে নির্বাচক মন্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রস্তাবিত দরখাস্তের বয়ান সঠিকভাবে পূরণ করা না থাকলে দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রার্থী অসদুপায় অবলম্বন করে থাকলে তার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।
- সাক্ষাৎকারের সময় সমস্ত তথ্যের আসল দেখাতে হবে।

জেলা কল্যাণ আধিকারিক
অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ
কোচবিহার

